# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING BULLETIN : BENGALI

## Date: - 01-05-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১। লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ের ভোটগ্রহণের আর মাত্র ৬ দিন বাকী থাকায় রাজ্যের রাজনৈতিক দলগুলোর প্রচার অভিযান জোড়দার / ধুবরীতে কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধীর নির্বাচনী প্রচার /

২। আকাশবাণীর সংবাদ সেবা বিভাগের সঞ্চালক প্রধান হিসেবে আসামের মৌসুমী চক্রবর্তীর দায়িত্বভার গ্রহণ।

৩। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের বেশ কয়েকটি স্থানে নির্বাচনী প্রচারে অংশগ্রহণ ।

এবং

৪। শ্রমিকদের অবদানের প্রতি সম্মান প্রদর্শন করে রাজ্যের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালন ।

---------------------------------------------------------------------------

রাজ্যে তৃতীয় তথা শেষ পর্যায়ে ভোটগ্রহণের আর ছ’দিন বাকি থাকা অবস্থায় সবকটি রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান তীব্রতর হয়ে উঠেছে । বিভিন্ন দলের প্রার্থীদের প্রচারের জন্য স্থানে স্থানে সভার আয়োজন করে প্রবীণ নেতারা

নিজ নিজ দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালাতে দেখা গেছে । এই পর্যায়ে রাজ্যের চারটি লোকসভা আসন- গুয়াহাটি, ধুবড়ি, কোকরাঝাড় এবং বড়পেটা আসনে আগামী সাতই মে নির্বাচন অনুষ্ঠিত হবে । কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী আজ ধুবরী আসনের কংগ্রেস প্রার্থী রকিবুল হোসেনের হয়ে প্রচারে অংশ নেন । বালাপাড়ায় নির্বাচনী সভায় অংশ নিয়ে তিনি বিজেপি এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমালোচনা করেছেন । এক জনসভায় অংশগ্রহণ করে শ্রীমতি গান্ধী মহিলাদেরকে প্রতি বছরে একলক্ষ টাকা, সরকারী চাকরীতে তাদের জন্য ৫০ শতাংশ সংরক্ষণ, মহিলা শ্রমিকদের চারশো টাকা করে মজুরি বৃদ্ধির প্রতিশ্রুতি প্রদান করেন । দেশের বেকার সমস্যার জন্য তিনি প্রধানমন্ত্রীর সমালোচনা করে বক্তব্য রাখেন । এছাড়া কোচ-রাজবংশীদের উপজাতির মর্যাদা প্রদানের বিষয়টি কংগ্রেস দল চায় বলেও তিনি সভায় মন্তব্য করেছেন ।

এদিকে প্রবীণ বিজেপি নেতা ও রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ সোনাপুরে গুয়াহাটি লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিজুলী কলিতা মেধীর হয়ে প্রচার করেন । শ্রীমতি মেধীর হয়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালও হাজো'র কুলহাটিতে প্রচার চালান ।আজ সকালে মুখ্যমন্ত্রী কোকরাঝাড় লোকসভা আসনের অন্তর্গত বাক্সা জেলার নিকাসি'তে বিজেপি সমর্থিত প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে নির্বাচনী প্রচারে অংশ নেন । এছাড়াও বিজেপি নেতা পীযূষ হাজারিকা এবং জয়ন্তমল্ল বড়ুয়া যথাক্রমে শালাবাড়ী ও সরভোগে প্রচার চালান ।

অসম গণ পরিষদ নেতা অতুল বরা এবং কেশব মহন্ত আজ বিজেপি মিত্রজোটের প্রার্থী ফণীভূষণ চৌধুরীর হয়ে প্রচারে অংশ নেন । এদিকে ধুবড়ি লোকসভা আসনের এ আই ইউ ডি এফ প্রার্থী বদর উদ্দিন আজমল আজ বিলাসী পাড়ায় প্রচার চালিয়েছেন । বিধায়ক সামসুল হুদা, করিম উদ্দিন বড়ভুইয়া এবং আমিনুল ইসলাম এই নির্বাচনী সভায় অংশ নেন ।

অনুরূপভাবে বিপেফ প্রধান হাগ্রামা মহিলারী বড়পেটার হাউলীতে কোকরঝাড় লোকসভা আসনের বিপিএফ প্রার্থী খাম্ফা বরগয়ারীর হয়ে প্রচার চালান । এদিকে এ আই ইউ ডি এফ'এর সাধারণ সম্পাদক সিদ্দিক আলী ঠাকুরীয়া এক প্রেস বিজ্ঞপ্তিযোগে মুখ্যমন্ত্রী ভূয়ো প্রতিশ্রুতি দিচ্ছেন বলে

অভিযোগ করে এতে সম্মত না হতে রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------

লোকসভা নির্বাচনের তৃতীয় পর্যায়ে দেশের ১২ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৩ টি আসনের জন্য আগামী ৭ মে ভোটগ্রহণ করা হবে ।পূর্বে এই পর্যায়ে ৯৪ টি লোকসভা আসনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল তবে মধ্য প্রদেশের বেতুল লোকসভা আসনের ভোটগ্রহণ দ্বিতীয় পর্যায় থেকে তৃতীয় পর্যায়ে পিছিয়ে দেওয়া হয়েছে ।অন্যদিকে গুজরাটের সুরাট লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ায় এবং জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ রাজৌরী লোকসভা আসনের ভোটগ্রহণের তারিখ পরিবর্তন করার পরিপ্রেক্ষিতে তৃতীয় পর্যায়ে ৯৩ টি লোকসভা আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে ।এই পর্যায়ে এক হাজার ৩৫১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন এর মধ্যে ১২৩ জন মহিলা প্রার্থী রয়েছেন ।তৃতীয় পর্যায়ে আসামের ৪ টি লোকসভা আসন সহ বিহারেএর ৫ ছত্তিসগড়ের ৭ টি গোয়ার ২ টি গুজরাটের ২৫ টি কর্ণাটকের ১৪ মধ্যপ্রদেশের ৮ মহারাষ্ট্রের ১১ উত্তরপ্রদেশের ১০ টি পশ্চিমবঙ্গের ৪ টি এছাড়া দাদরা ও নগর হাভেলী , দমন ও দিউর দুটি করে আসনের জন্য ভোটগ্রহণ করা হবে

-----------------------------------------------------------------------

নির্বাচন কমিশন গতকাল লোকসভা নির্বাচনের প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের মোট ভোটদানের হার প্রকাশ করেছে ।এই অনুযায়ী প্রথম পর্যায়ে ৬৬ দশমিক ১-৪ শতাংশ এবং দ্বিতীয় পর্যায়ে ৬৬ দশমিক ৭-১ শতাংশ ভোটদান হয়েছে বলে জানানো হয়েছে ।নির্বাচন কমিশন জানিয়েছে যে প্রথম পর্যায়ে ৬৬ দশমিক ২-২ শতাংশ পুরুষ ভোটদাতা , ৬৬ দশমিক ০-৭ শতাংশ মহিলা ভোটদাতা ও ৩১ দশমিক ৩-২ শতাংশ তৃতীয় লিংগের ভোটদাতা ।অনুরূপ ভাবে দ্বিতীয় পর্যায়ে ৬৬ দশমিক ৯-৯ শতাংশ পুরুষ ভোটদাতা , ৬৬ দশমিক ৪-২ শতাংশ মহিলা ভোটদাতা এবং ২৩ দশমিক ৮-৬ শতাংশ তৃতীয় লিংগের ভোট দাতা তাদের ভোটাধিকার সাব্যস্ত করেছেন ।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী প্রথম এবং দ্বিতীয় পর্যায়ে আসামে আসামে ভোটদানের হার ৮১ দশমিক ৬ শতাংশ । প্রথম পর্যায়ে রাজ্যে ৭৭ দশমিক ৬-৯ শতাংশ পুরুষ ভোটদাতা , ৭৮ দশমিক ৮-১ শতাংশ মহিলা ভোটদাতা ,এবং ২০ দশমিক ৩-৩ শতাংশ তৃতীয় লিংগের ভোটদাতা ভোটাধিকার সাব্যস্ত করেছেন ।দ্বিতীয় পর্যায়ে রাজ্যে ৮১ দশমিক ১-৬ শতাংশ পুরুষ ভোটদাতা , ৮১ দশমিক ১-৮ শতাংশ মহিলা ভোটদাতা এবং ১৬ দশমিক ৪-৭ শতাংশ তৃতীয় লিংগের ভোটদাতা তাদের গণতান্ত্রিক অধিকার সাব্যস্ত করেছেন ।

---------------------------------------------------------------------------

ভারতীয় তথ্য সেবার প্রবীণ আধিকারিক আসামের মৌসুমী চক্রবর্তী আজ আকাশবাণী সংবাদ বিভাগের সঞ্চালক প্রধান হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন । ১৯৯১ ব্যাচের ভারতীয় তথ্য সেবার আধিকারীক মৌসুমী চক্রবর্তী প্রেস ইনফরমেশন ব্যুরো ও সেন্ট্রেল ব্যুরো অব কমিউনিকেশন সহ তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের অধীন বেশ কয়েকটি সংবাদ সংস্থায় কার্যনির্বাহ করেছেন ।তিনি তাঁর ৩০ বছরেরও বেশী সময়ের চাকুরী জীবনে জাতীয় মানব অধিকার কমিশনের কেবিন্যাট মন্ত্রীর ব্যক্তিগত সচিব হিসেবেও দায়িত্ব পালন করেছেন ।উল্লেখ্য আকাশবাণীর সংবাদ বিভাগের সঞ্চালক প্রধান বসুধা গুপ্তা গতকাল অবসর গ্রহণ করার পর আসাম তেজপুরের মৌসুমী চক্রবর্তী আজ এই পদে স্থলাভিষিক্ত হয়েছেন ।

---------------------------------------------------------------------------

দিল্লী পুলিশ জাতীয় রাজধানী অঞ্চল এবং এর পার্শ্ববর্তী এলাকা সমুহের কয়েকটি স্কুলে বোমা রাখার খবর ভূয়ো বলে জানিয়েছে ।অজ্ঞাত পরিচয় দুষ্কৃতকারীরা এই স্কুলগুলোতে ই- মেইলের মাধ্যমে বোমা থাকার বার্তা প্রেরণ করেছিল ।তবে পুলিশ তল্লাশি চালিয়ে কোন ধরণের সন্দেহজনক সামগ্রী পাওয়া যায়নি বলে জানিয়েছে ।স্বরাষ্ট্র মন্ত্রনালয় জানিয়েছে যে দিল্লী পুলিশ এবং নিরাপত্তা সংস্থা সমুহ এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে ।দিল্লীর উপ রাজ্যপাল বিরাট কুমার সাক্সেনা এই সম্পর্কে প্রতিবেদন দাখিল করতে পুলিশ কমিশনার সঞ্জয় আরোরাকে  নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------

শ্রমিকদের অবদানের প্রতি সম্মান প্রদর্শন করে সমগ্র বিশ্বে আজ আর্ন্তজাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে । অর্থনৈতিক ও সামাজিক অধিকার লাভ করার জন্য সমগ্র বিশ্বের শ্রমিক সমাজের স্বীকার করা আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে এই দিবস পালন করা হয়েছে ।

কাজের সময় দৈনিক আট ঘন্টা নির্দ্ধারণের দাবীতে ১৮৮৬ সালের আজকের দিনে আমেরিকা যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে অনুসঠিত এক বিশাল সমাবেশের স্মৃতিচারণের মাধ্যমে বিশ্বজুড়ে এই দিবস পালন করা হয় । সমগ্র বিশ্বের শ্রমিক শ্রেণীর কল্যাণের স্বার্থের প্রতি লক্ষ্য রেখে পালন করা এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আজকের দিনে শ্রমিক সমাবেশ, আলোচনা চক্র, সভা-সমিতি ইত্যাদির আয়োজন করা হয় ।

উল্লেখ্য- এবারের আর্ন্তজাতিক শ্রমিক দিবসের বিষয়বস্তু হচ্ছে- জলবায়ু পরিবর্তনের মধ্যে কর্মক্ষেত্রের সুরক্ষা এবং শ্রমিকদের স্বাস্থ্য সুনিশ্চিত করা । এই বিষয়বস্তুর মাধ্যমে শ্রমিকদের সুস্বাস্থ্য ও নিরাপত্তার বিষয়টির প্রতি গুরুত্ব আরোপ করার কথা বলা হয়েছে ।

দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আজ শ্রমিক দিবস পালন করা হয়েছে । শিবসাগরের আমগুড়ির টিফুক চা বাগানে কৃষি শ্রমিক, চা শ্রমিক ও জনসাধারণের সহযোগিতায় আজ এই দিবস পালন করা হয়েছে । স্বচ্ছ অভিযান, পতাকা উত্তোলন, সাংস্কৃতিক শোভাযাত্রা সহ এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে প্রকাশ্য সভাও অনুষ্ঠিত হয়েছে । অনুরূপভাবে নিম্ন সুবনশিড়ি জলবিদ্যুৎ প্রকল্পের নির্মাণকারী প্রতিষ্ঠানের কর্মরত শ্রমিকরা এই দিবস পালন করে । এদিকে কামরূপ জেলার রঙিয়ার বাস স্ট্যান্ডে বেশকয়েকটি শ্রমিক সংগঠন এই দিবসের আয়োজন করে । শ্রমিক দিবস উপলক্ষে আমিনগাঁও , বকো, ছয়গাও ইত্যাদি স্থানে বিভিন্ন কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------

বরাক উপত্যকায় আজ যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে।

সারা ভারত কৃষক সভা ও সিটুর যৌথ উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে মে দিবস পালন করা হয়েছে । আসাম নির্মান শ্রমিক ইউনিয়নের শ্রীকোনা আঞ্চলিক সম্পাদক সফিকুর রহমান  বীরেশ মিশ্র স্মৃতি ভবনের সামনে মে দিবসের পতাকা উত্তোলন করেছেন । পরে মে দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে আয়োজিত আলোচনা সভায় সুভাষ দেব , পরমেশ শুক্লবৈদ্য , মেঘনাদ গৌড় প্রমূখ বক্তব্য রাখেন ।

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের করিমগঞ্জ জেলা কমিটির উদ্যোগে আজ করিমগঞ্জে আর্ন্তজাতিক শ্রমিক সংহতি দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে দলীয় কার্য্যলয়ে সংগঠনের পক্ষ থেকে রক্ত পতাকা উত্তোলন করা হয়েছে । পরে মে  দিবসের তাৎপর্য্য নিয়ে দলের রাজ্য কমিটির সদস্য অরুনাংশু ভট্টাচার্য্য প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এদিকে করিমগঞ্জ শহরের বদরপুর , মালুয়া , বারইগ্রাম , দোহালিয়া বাজারিছড়া , বরকতপুরে আর্ন্তজাতিক শ্রমিক দিবস পালন করা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার হজ যাত্রীদের আগামীকাল ৬টি স্থানে টীকা প্রদান করা হবে । করিমগঞ্জের অতিরিক্ত মূখ্য চিকিৎসক ও স্বাস্থ্য আধিকারীক জানিয়েছেন যে আগামীকাল সকাল ৯টায় করিমগঞ্জের কানিশাইল মর্কজে , বদরপুর দেওরাইল টাইটাল মাদ্রাসায় , নিলামবাজারের গুনময়ী গার্লস উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এবং পাথারকান্দির কাবাড়িবন্দ এম ই মাদ্রাসায় টীকা প্রদান করা হবে । এছাড়া আগামী চৌঠা মে সকাল ৯টায় আছিমগঞ্জের আছিমিয়া এম ই মাদ্রাসা এবং রাতাবাড়ির কাজিরবাজার হাইস্কুলে টীকা প্রদান করা হবে । সংশ্লিষ্ট এলাকার হজ যাত্রীদের টীকা প্রদান কেন্দ্রের উপস্থিত হয়ে টীকা গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---